গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.madaripur.gov.bd

## মাদারীপুর জেলায় সেপ্টেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত "জেলা আইন-শৃঙ্খলা কমিটির" সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মারুফুর রশিদ খান, বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর
সভার তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০২৪
সভার সময় : সকাল- ১০:০০ টা
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
সভার উপস্থিতি : নথিতে সংরক্ষিত

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির নির্দেশক্রমে সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা শাখা, মাদারীপুর বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | মাদারীপুর জেলার অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী | (১) আগস্ট, ২০২৪ মাসে ডাকাতি ০১টি, সিঁদেল চুরি ০১টি, অন্যান্য চুরি ০১টি, খুন ০৫টি, মাদকদ্রব্য ০৬টি, নারী ও শিশু নির্যাতন ১০টি এবং অন্যান্য প্রকৃতির ৪৩টি মামলাসহ মোট ৬৭টি মামলা দায়ের করা হয়। জুলাই, ২০২৪ মাসে দস্যুতা ০১টি, অন্যান্য চুরি ০১টি, গরু চুরি ০১টি, খুন ০২টি, অপহরণ ০১টি, মাদকদ্রব্য ১৭টি, নারী ও শিশু নির্যাতন ২২টি, এবং অন্যান্য প্রকৃতির ৬৯টি মামলাসহ মোট ১১৪টি মামলা দায়ের করা হয়। মাদারীপুর জেলায় পর্যালোচনায় দেখা যায় যে, জুলাই ২০২৪ মাসের তুলনায় আগস্ট ২০২৪ মাসে ৪৭টি মামলা হ্রাস পেয়েছে। মামলার সংখ্যা আরও কমিয়ে আনাসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট সকলকে সতর্ক দৃষ্টি রাখার জন্য সভায় বিশদ আলোচনা করা হয়।<br>(২) অত্র জেলায় সংঘটিত অপরাধসমূহ কমিয়ে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। | (১) আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।<br>(২) অত্র জেলাধীন বিভিন্ন এলাকায় চুরি, নারী ও শিশু নির্যাতন, খুন, অপহরণ ও মাদকসহ বিভিন্ন ধরণের অপরাধমূলক কার্যকলাপের বিরুদ্ধে আরও কঠোর নজরদারী বৃদ্ধি করতে হবে। | ১। পুলিশ সুপার, মাদারীপুর<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর<br>৩। প্রশাসক, উপজেলা পরিষদ(সকল) মাদারীপুর<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল) মাদারীপুর<br>৫। প্রশাসক, পৌরসভা (সকল), মাদারীপুর<br>৬। উপপরিচালক, এনএসআই, মাদারীপুর |
| ২ | গ্রাম আদালত সংক্রান্ত তথ্য | (১) সভায় জানানো হয়, আগস্ট ২০২৪ মাসে মাদারীপুর জেলার ০৫টি উপজেলায় গ্রাম আদালতে ৫৬টি মামলা ছিল। বিবেচ্য মাসে ৮৯টি মামলা দায়ের হওয়ায় সর্বমোট মামলার সংখ্যা ১৪৫টি। তন্মধ্যে ৮৩ টি মামলা নিষ্পত্তির পর বর্তমানে ৬২ টি মামলা অনিষ্পন্ন রয়েছে।<br>(২) গ্রাম আদালতের কার্যক্রম নিয়মিত পরিচালনাসহ মামলার নিষ্পত্তির হার আরো বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়। | গ্রাম আদালতের কার্যক্রম নিয়মিত পরিচালনাসহ মামলা নিষ্পত্তির হার আরো বৃদ্ধি করতে হবে। | ১। উপপরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) মাদারীপুর<br>৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাদারীপুর |

-চলমান পাতা-২-

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | কিশোর গ্যাং ও জঙ্গিবাদ বিরোধী প্রচার প্রচারণা এবং জনসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত | (১) কিশোর গ্যাং ও জঙ্গিবাদ বিরোধী প্রচার-প্রচারণা সংক্রান্ত বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়।<br>(২) কিশোর এবং যুব সমাজকে সামাজিক ও নৈতিক অবক্ষয়ের হাত থেকে রক্ষার ক্ষেত্রে আরও অধিকতর গুরুত্ব দেয়ার জন্য নিয়মিত অভিভাবক সমাবেশ ও উঠান বৈঠক আয়োজনের উপর গুরুত্ব আরোপ করা হয়। | (১) কিশোর গ্যাংদের বিরুদ্ধে কঠোর নজরদারীসহ জঙ্গিবাদ বিরোধী প্রচার-প্রচারণা নিয়ন্ত্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>(২) কিশোর এবং যুব সমাজকে সামাজিক ও নৈতিক অবক্ষয়ের হাত থেকে রক্ষার ক্ষেত্রে অধিকতর গুরুত্ব দেয়ার জন্য নিয়মিত অভিভাবক সমাবেশ ও উঠান বৈঠকের আয়োজন অব্যাহত রাখতে হবে। | ১। পুলিশ সুপার,মাদারীপুর<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মাদারীপুর<br>৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), মাদারীপুর<br>৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল) মাদারীপুর<br>৫। প্রশাসক, পৌরসভা (সকল), মাদারীপুর<br>৬। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর<br>৭। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর<br>৮। জেলা তথ্য অফিসার, মাদারীপুর |
| ৪ | সড়কে যান-বাহন চলাচল নিয়ন্ত্রণ সংক্রান্ত | (১) সভায় জানানো হয় যে, ড্রাইভিং লাইসেন্স, হেলমেট ও রেজিস্ট্রেশনবিহীন মোটর-সাইকেল চলাচল বন্ধে সড়ক পরিবহন আইন ২০১৮ এর অধীনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে । আগস্ট ২০২৪ মাসে এ সংক্রান্ত ০১টি মোবাইল কোর্ট পরিচালনায় ০১টি মামলায় ৫০০/- টাকা জরিমানা আদায় হয়েছে । এ ধারা অব্যাহত রেখে মোবাইল কোর্ট পরিচালনা আরো বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়।<br>(২) জেলার বিভিন্ন সড়ক ও মহাসড়কের পাশে গড়ে উঠা অবৈধ স্থাপনা উচ্ছেদসহ মহাসড়কে ইজিবাইক ও নছিমন-করিমন গাড়ী চলাচল বন্ধসহ সড়ক পথচারীদের চলাচলের যথাপযোগী রাখার বিষয়েও সভায় নির্দেশনা প্রদান করা হয়।<br>(৩) পুরাতন বাসস্ট্যান্ডের পাশে রাস্তার উপর এলোমেলোভাবে রাখা বাসগুলো নবনির্মিত বাসটার্মিনালে সরিয়ে নেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় । | (১) সড়কে নিরাপদ যানবাহন চলাচল নিশ্চিত করার লক্ষ্যে সড়ক পরিবহন আইন ২০১৮ অধীনে মোবাইল কোর্ট পরিচালনা আরো বৃদ্ধি করতে হবে।<br>(২) জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কের পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদসহ মহাসড়কে ইজিবাইক ও মহেন্দ্র গাড়ী চলাচল বন্ধ করতে হবে।<br>(৩) পথচারীদের নিরাপদ চলাচলের সুবিধার্থে পুরাতন বাসস্ট্যান্ডের পাশে রাস্তার উপর এলোমেলোভাবে রাখা বাসগুলো জরুরী ভিত্তিতে নবনির্মিত বাসটার্মিনালে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ১। পুলিশ সুপার, মাদারীপুর<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মাদারীপুর<br>৩। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল) মাদারীপুর<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল) মাদারীপুর<br>৫। প্রশাসক, পৌরসভা (সকল), মাদারীপুর<br>৬। সহকারী পরিচালক, বিআরটিএ মাদারীপুর<br>৭। সভাপতি, বাস মালিক সমিতি, মাদারীপুর |
| ৫ | মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত | (১) সভায় জানানো হয় যে, আগস্ট ২০২৪ মাসে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) এবং বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক সর্বমোট ০৬টি মোবাইল কোর্ট পরিচালনা করে ১৪টি মামলায় ২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার) অর্থদন্ড এবং ০৫ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড | (১) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে স্ব-স্ব পেশাদারিত্ব বজায় রেখে জনস্বার্থে আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে।<br>(২) অবৈধ ইটভাটা, ড্রেজার, ক্লিনিক/ ডায়াগনস্টিক সেন্টার এর বিরুদ্ধে এবং ভোক্তা অধিকার সংরক্ষণ, মাদকদ্রব্য ও | ১। পুলিশ সুপার, মাদারীপুর<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট. মাদারীপুর<br>৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) মাদারীপুর<br>৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল) মাদারীপুর |

-চলমান পাতা-৩-

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রদান করা হয়। (২) নদী রক্ষার লক্ষ্যে অবৈধভাবে বালু উত্তোলন বন্ধের নিমিত্ত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখাসহ অবৈধ ইটভাটা, ড্রেজার, ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার এর বিরুদ্ধে এবং ভোক্তা অধিকার সংরক্ষণ, মাদকদ্রব্য ও বাল্যবিবাহ রোধসহ অন্যান্য আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের প্রতি বিশেষ গুরুত্বারোপ করা হয়। (৩) মোবাইল কোর্টের আওতায় দায়েরকৃত অনিষ্পন্ন আপীল মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। (৪) হোটেল রেঁস্তোরার মান নিয়ন্ত্রণের পাশাপাশি নিবন্ধন ও লাইসেন্স করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বাল্য বিবাহ রোধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। (৩) মোবাইল কোর্টের আওতায় দায়েরকৃত অনিষ্পন্ন আপীল মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। (৪) হোটেল রেঁস্তোরার মান নিয়ন্ত্রণের পাশাপাশি নিবন্ধন ও লাইসেন্স বাধ্যতামূলক রাখতে হবে। | ১। পুলিশ সুপার, মাদারীপুর<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর<br>৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর<br>৫। সহকারী কমিশনার (ভূমি) (সকল), মাদারীপুর<br>৬। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), মাদারীপুর<br>৭। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর<br>৮। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর |
| ৬ | বাল্য বিবাহ নিরোধ সংক্রান্তে আলোচনা | (১) সভায় জানানো হয় যে, অত্র জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণার লক্ষ্যে মাদারীপুর সদর উপজেলার ন্যায় অন্যান্য উপজেলায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত প্রতিটি ওয়ার্ড কমিটিকে নির্দেশনা প্রদান করা হয়েছে। (২) অত্র জেলাধীন সকল উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির মাধ্যমে ভবিষ্যতে মাদারীপুর জেলাকে বাল্যবিবাহমুক্ত ঘোষণা করা যাবে মর্মে সভায় অবহিত করা হয়। (৩) বাল্যবিবাহ রোধে ইমাম, পুরোহিত ও নিকাহ রেজিস্ট্রারদের সমন্বয়ে জনসচেতনতা বৃদ্ধি করার আহবান জানানো হয়। | ১। সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় ভবিষ্যতে মাদারীপুর জেলাকে বাল্য বিবাহমুক্ত ঘোষণা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। বাল্যবিবাহ রোধে ইমাম, পুরোহিত ও নিকাহ রেজিস্ট্রারদের মধ্যে জনসচেতনতা আরো বৃদ্ধি করতে হবে। | ১। পুলিশ সুপার, মাদারীপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর<br>৩। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর<br>৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর |
| ৭ | জেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতি সংক্রান্ত | (১) বৈষম্য কোটা আন্দোলনের মাদারীপুর জেলা শাখার ছাত্রনেতা সভায় জানান, সাম্প্রতিক ছাত্র আন্দোলনে মাদারীপুর জেলায় ১৬ জন ছাত্র জনতা নিহত হয়েছেন। মৃতদের আত্মার মাগফেরাত কামনা করেন। সন্ত্রাসী ও মাদকের বিরুদ্ধে কঠোর নজরদারী রাখার জন্য জেলা প্রশাসন ও পুলিশ সুপার, মাদারীপুর এর দৃষ্টি আকর্ষণ করেন। বর্তমানে জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি পূর্বের চেয়ে ভাল আছে মর্মে তিনি সভায় অবহিত করেন। (২) সভাপতি, প্রেস ক্লাব, মাদারীপুর এর প্রতিনিধি জানান, বর্তমানে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবস্থা নিয়ে সকলেই আশাবাদী। সভায় আরো জানান হয় | (১) চুরি, ডাকাতি ও ছিনতাই বন্ধসহ মাদক ও সন্ত্রাসী কার্যকলাপের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) মাদকের সাথে জড়িত ব্যক্তিদের সনাক্ত করে এদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে। (৩) জেলায় বন্যার সম্ভাবনা দেখা দেয়ার সাথে সাথে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। (৪) জেলাধীন অবৈধ ড্রাগ ও ড্রেজিং এর বিরুদ্ধে কঠোরভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার, মাদারীপুর<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর<br>৪। প্রশাসক, পৌরসভা (সকল) মাদারীপুর<br>৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাদারীপুর<br>৬। উপপরিচালক, এনএসআই মাদারীপুর<br>৭। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সৈরাচার পতনের পর সন্ত্রাস নির্মূলের কাজ উন্নতির দিকে। তবে শিশু সন্ত্রাসীদের প্রতি অধিকতর নজরদারী রাখার অনুরোধ জানান।<br>(৩) অফিসার ইন-চার্জ, মাদারীপুর সদর থানা জানান, বর্তমানে তার থানার সার্বিক দিক থেকে ভাল আছে। ছাত্র আন্দোলনের সময় দেশের কোন কোন থানা থেকে অস্ত্র লুট হয়ে গেছে। এ সংক্রান্তে মাদারীপুর জেলায় এ ধরণের ঘটনা ঘটেনি। তিনি আরও জানান, কোন এক সময়ে মাদারীপুর জেলার কিছু কিছু এলাকায় সর্বহারার আনাগোনা ছিল। বর্তমানে এ ধরণের কোন তথ্য পাওয়া যায় না। ভবিষ্যতে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরও ভাল ফলপ্রসূ আশা করে তার বক্তব্য শেষ করেন।<br>(৪) সেক্রেটারী, বাংলাদেশ জামায়াতে ইসলাম, জেলা শাখা, মাদারীপুর ছাত্র আন্দোলনে গিয়ে যারা আত্মহারা হয়েছে তাদের আত্মার মাগফেরাত কামনা করেন। বর্তমান পরিস্থিতিতে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান ফলপ্রসূ হলে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির ভাল আশা করা যায় মর্মে তিনি সভায় অবহিত করেন।<br>(৫) সেক্রেটারী, বাংলাদেশ ইসলামী আন্দোলন, জেলা শাখা, মাদারীপুর জানান, স্বৈরশাষন পতনের এক মাস অতিবাহিত হওয়ার পর মাদারীপুর জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল মর্মে ধন্যবাদ জ্ঞাপন করেন। তবে রাজনৈতিক প্রতিহিংসা বশত: নিরীহ কতিপয় লোকজনকে এখনও অহেতুক মামলা দিয়ে হয়রানি করছে। নিরীহ লোকজনকে যাতে অযথা মামলা দিয়ে হয়রানি করা না হয় সেদিকে সুদৃষ্টি রাখার অনুরোধ জানান।<br>(৬) সভাপতি, বাংলাদেশ ইসলামী আন্দোলন, জেলা শাখা, মাদারীপুর বর্তমানে সেনাবাহিনীর মাধ্যমে অবৈধ অস্ত্র উদ্ধারের কাজ যাতে সফলতা অর্জন করতে পারে সেজন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। মিথ্যা মামলাকারীদের বিরুদ্ধে কঠোর নজরদারী রাখার জন্য তিনি পুলিশ সুপার, মাদারীপুর এর দৃষ্টি আকর্ষণ করেন।<br>(৭) সিনিয়র সহ-সভাপতি, চেম্বার অব কমার্স, মাদারীপুর বলেন, পূর্ব থেকেই মাদারীপুর জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে। তবে বর্তমান পরিস্থিতিতে সুবিধাভোগীরা যাতে তাদের স্বার্থ আদায় করতে না পারে সেদিকে সংশ্লিষ্ট সকলের কঠোর দৃষ্টি রাখার অনুরোধ জানান। বর্তমান সময়ে হিন্দু মুসলিম যাতে | (৫) শহরের মধ্যে উচ্চ শব্দে সাউন্ড বক্স বাজানো নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি রাখতে হবে ।<br>(৬) মাদারীপুর পৌরসভার মধ্যে পরিচালিত অনুমোদিত ও অনুমোদনবিহীন ইজিবাইকের একটি তালিকা তৈরি করে জেলা প্রশাসন বরাবরে দাখিল করতে হবে । | ৮। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর<br>৯। বিজ্ঞ পিপি, মাদারীপুর<br>১০। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর |

-চলমান পাতা-৫-

| | | | | |
|---|---|---|---|---|
| | | মিলে মিশে একযোগে কাজ করতে পারেন সেজন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>(৮) সেক্রেটারী, জেলা বিএনপি, মাদারীপুর বলেন, বর্তমানে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। ভবিষ্যতে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরও ভাল রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>(৯) সভায় আরোও জানানো হয়, মাদারীপুর জেলার বিভিন্ন স্থানে কতিপয় সন্ত্রাসী ব্যক্তিরা বিভিন্ন সময়ে চাঁদাবাজি, অবৈধভাবে জমি দখল করে থাকে। এদরে বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>(১০) কাজী হুমায়ূন কবির, কেন্দ্রীয় নির্বাহী সদস্য, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বলেন, পূর্বের ন্যায় এখনও অবৈধ বালু উত্তোলন অব্যাহত রয়েছে। নদী রক্ষার জন্য অবৈধ বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের প্রস্তাব রাখেন।<br>(১১) পুলিশ সুপার মাদারীপুর জানান, ছাত্র বৈষম্য আন্দোলনের সময় ১৩টি মামলা ছিল। ইতোমধ্যে ১২টি মামলা নিষ্পত্তি হয়ে গেছে। অনিষ্পন্ন ০১টি মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। তিনি আরও জানান, ছাত্র বৈষম্য আন্দোলনের সময়ে সেনাবাহিনীর যথেষ্ঠ সহযোগিতা পাওয়ায় তাদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অন্যান্য জেলার কোন কোন থানা থেকে অস্ত্র লুটপাত হলেও মাদারীপুর জেলায় কোন অস্ত্র লুটপাত হয়নি। নির্ধারিত সময়ের মধ্যে যে দুটি অস্ত্র জমা বাকী ছিল তাও জমা দেয়ার ব্যবস্থা নেয়া হচ্ছে মর্মে তিনি সভায় অবহিত করেন।<br>(১২) সভাপতি ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর জানান, বর্তমানে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। অন্তবর্তীকালীন সরকারকে সর্বাত্মকভাবে সহযোগিতা প্রদানের জন্য তিনি সংশ্লিষ্টদের প্রতি আহবান জানান। তিনি আরও বলেন, সংখ্যালঘুদের প্রতি কোন প্রকৃত মুসলমানই আক্রমন করতে পারেন না। নির্ধারিত সময়ের মধ্যে সব অস্ত্রই জমা পড়েছে। বর্তমানে অবৈধ অস্ত্র উদ্ধারের লক্ষ্যে যৌথ অভিযান চলছে। অবৈধভাবে বালু উত্তোলনের তথ্য পাওয়ার সাথে সাথে বিষয়টি জেলা প্রশাসনকে অবহিত করার জন্য পরামর্শ দেন। মিথ্যা মামলা দায়েরকারীদের বিরুদ্ধে কঠোর দৃষ্টি রাখার আহবান জানিয়ে সভাপতির বক্তব্য শেষ করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | বিবিধ আলোচনা | (১) আগামী দিনগুলোতে সকলের সার্বিক সহযোগিতায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে আরো সুন্দর ও ভাল রাখা যায় সে বিষয়ে বিশদ আলোচনা করা হয়।<br>(২) অত্র জেলায় যাতে সন্ত্রাসী ও অনৈতিক কর্মকান্ডের মাধ্যমে কোন ধরণের অপ্রীতিকর ঘটনা ঘটতে না পারে সেদিকে সকলের সতর্ক দৃষ্টি রাখার অনুরোধ জানানো হয়।<br>(৩) উপজেলা ও ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত উপস্থিত থেকে সভার কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(৪) জেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দকে সভায় নিয়মিত নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | (১) আগামী দিনগুলোতে সকলের সার্বিক সহযোগিতায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে আরো সুন্দর ও ভাল রাখা যায় সেদিকে সংশ্লিষ্ট সকলের কঠোর দৃষ্টি রাখতে হবে।<br>(২) জেলার কোথাও সন্ত্রাসী ও অনৈতিক কার্যকলাপসহ কোন ধরণের অপ্রীতিকর ঘটনা ঘটতে না পারে সেদিকে সার্বক্ষণিক সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br>(৩) উপজেলা ও ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত উপস্থিত থেকে সভার কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(৪) জেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দকে সভায় নিয়মিত নির্ধারিত সময়ে উপস্থিত থাকতে হবে। | (১) পুলিশ সুপার, মাদারীপুর<br>(২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর<br>(৩) জেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও সভার সংশ্লিষ্ট সদস্যবৃন্দ |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ এবং জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরও ভালো রাখার অনুরোধ জানিয়ে উপস্থিত সকলের সম্মতিক্রমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০-০৭-২৬

মোহাম্মদ মারুফুর রশিদ খান
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর
Email: dcmadaripur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.madaripur.gov.bd

স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১২৩.০৪.০০৩.২৪-৫১৬ (৫০)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. পুলিশ সুপার, মাদারীপুর।
০৬. সিভিল সার্জন, মাদারীপুর।
০৭. প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর, মাদারীপুর।
০৮. উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর/ডাসার, মাদারীপুর ও সভাপতি, সংশ্লিষ্ট উপজেলা আইন শৃঙ্খলা কমিটি ।
০৯. প্রশাসক, মাদারীপুর পৌরসভা/শিবচর পৌরসভা/কালকিনি পৌরসভা/রাজৈর পৌরসভা, মাদারীপুর।
১০. কোম্পানী কমান্ডার, র‍্যাব-৮, মাদারীপুর।
১১. অধ্যক্ষ, মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর।
১২. অধ্যক্ষ, সরকারি সুফিয়া মহিলা কলেজ, মাদারীপুর।
১৩. অধ্যক্ষ, বীর মুক্তিযোদ্ধা শাজাহান কলেজ, মস্তফাপুর, মাদারীপুর।
১৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ভিডিপি, মাদারীপুর।
১৫. জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর।
১৬. উপপরিচালক, এনএসআই, মাদারীপুর।
১৬. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মাদারীপুর।
১৭. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর।
১৮. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর।
১৯. জেল সুপার, জেলা কারাগার, মাদারীপুর।
২০. বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর (পিপি), মাদারীপুর।
২১. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর।
২২. সহকারী পরিচালক, বিআরটিএ, মাদারীপুর।
২৩. সভাপতি, জেলা বার এসোসিয়েশন, মাদারীপুর।
২৪. সভাপতি, চেম্বার অব কমার্স, মাদারীপুর।
২৫. সভাপতি, প্রেস ক্লাব, মাদারীপুর।
২৬. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাদারীপুর জেলা।
২৭. জনাব ------------------------------------------------------------------------মাদারীপুর।
২৮. অফিস কপি।

১০/০৯/২৪

মো: নাজমুল ইসলাম
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ও
সদস্য সচিব
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর